

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
শাখা-০৬ (ভোকেশনাল-০১)  
এফ-০৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৪০.১৯.৩৩৭.১৬

তারিখ : ১২/২০১৬ খ্রিঃ

বিষয় : ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং/ডিপ্লোমা-ইন-ভোকেশনাল এডুকেশন যথাক্রমে সমমান ও সমমর্যাদা হওয়ায় বেতন স্কেল একই পাওয়া প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন হবিগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজের ক্রাফট ইনস্ট্রাক্টর (ওয়েল্ডিং) জনাব মোঃ সাহাব উদ্দিন খান ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং/ডিপ্লোমা-ইন-ভোকেশনাল এডুকেশন -এর সমমান বেতন স্কেল দাবী করে প্রস্তাব প্রেরণ করেন। উল্লিখিত প্রস্তাবের স্বপক্ষে প্রয়োজনীয় প্রমাণক চেয়ে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে তিনি সঠিক প্রমাণক দাখিল করেননি। পরবর্তীতে তাঁকে তাঁর দাবীর বিষয়ে গত ২৪/১১/২০১৬ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ৯.০০ ঘটিকায় কারিগরি শিক্ষা অধিদপ্তরের পরিচালক(ভোকেশনাল) মহোদয়ের কক্ষে ব্যক্তিগত সাক্ষাতকার গ্রহণ করা হয়।

২. সাক্ষাতকারে তাঁর দাবীর স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র ও যুক্তি উপস্থাপন করতে না পারায় তাঁর ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং/ডিপ্লোমা-ইন-ভোকেশনাল এডুকেশনে সমমান বেতন স্কেল দাবীর বিষয়টি মঞ্জুর করা গেল না। উল্লেখ্য যে, পরবর্তীতে তাঁর দাবীর স্বপক্ষে যুক্তিসঙ্গত কাগজপত্র উপস্থাপন করতে পারলে বিষয়টি পুনরায় বিবেচনা করা হবে।

স্বাক্ষরিত/-

(মোঃ জহুরুল ইসলাম)  
সহকারী পরিচালক  
ফোন- ৮১৮১২৩০

জনাব মোঃ সাহাব উদ্দিন খান  
ক্রাফট ইনস্ট্রাক্টর (ওয়েল্ডিং)  
হবিগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজ  
হবিগঞ্জ।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৪০.১৯.৩৩৭.১৬/২৭৯৯ (৩)

তারিখ : ২১ /১২/২০১৬ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

- ০১। অধ্যক্ষ, হবিগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজ, হবিগঞ্জ।
- ০২। সহকারী পরিচালক (শাখা-০৭), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ০৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রখানা ওয়েব সাইটে প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ০৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৫। সংরক্ষণ নথি।

(মোঃ জহুরুল ইসলাম)  
সহকারী পরিচালক  
ফোন- ৮১৮১২৩০

২১/১২/১৬